অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/12/2022 **গভর্নর ক্যাথি হোকল**

নির্গমন কমানো এবং কার্বন-ডাই-অক্সাইড অপসারণের উদ্দেশ্যে উদ্ভাবনমূলক প্রাকৃতিক সমাধান উন্নয়নের জন্য গভর্নর হোকলের 18.1 মিলিয়ন ডলার বরাদ্দ দেওয়ার ঘোষণা

এই তহবিল টেকসই সমাধানগুলোর পরিসর বৃদ্ধি করতে সাহায্য করার জন্য উদ্ভাবনে সহায়তা করবে

2050 সালের মধ্যে গ্রিনহাউস গ্যাস নির্গমন 85 শতাংশ কমিয়ে আনার জন্য জলবায়ু নেতৃত্ব ও কমিউনিটি সুরক্ষা আইনের লক্ষ্যকে সমর্থন করে

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে নতুন পণ্য ও পরিষেবাসমূহ কাজে লাগিয়ে নির্গমন কমানো এবং কার্বন-ডাই-অক্সাইড অপসারণের উদ্দেশ্যে প্রাকৃতিক সমাধান উন্নয়নের জন্য প্রাকৃতিক কার্বন সমাধান উদ্ভাবন বিষয়ক চ্যালেঞ্জ (Natural Carbon Solutions Innovation Challenge)-এর মাধ্যমে এখন 18.1 মিলিয়ন ডলার লভ্য রয়েছে। এই তহবিল উদ্ভাবনে সহায়তা করবে, সক্ষমতা গড়ে তুলতে সাহায্য করবে, নীতিমালাগুলোকে অবহিত করবে, এবং টেকসই সমাধানগুলোর পরিসর বৃদ্ধির করার সুযোগ করে দিতে সেরা রীতিগুলোকে পরিমার্জন করবে। আজকের ঘোষণা 2050 সালের মধ্যে গ্রিনহাউস গ্যাস নির্গমন 85 শতাংশ কমিয়ে আনার জন্য জলবায়ু নেতৃত্ব ও কমিউনিটি সুরক্ষা আইনের লক্ষ্যকে সমর্থন করে।

"উদ্ভাবনের গতি বৃদ্ধি করা এবং আমাদের কার্বন নির্গমন কমিয়ে আনার উপায়গুলোতে যুগান্তকারী পরিবর্তন নিয়ে আসার মাধ্যমে নিউ ইয়র্ক জলবায়ু পরিবর্তনের বিরুদ্ধে লড়াইয়ে নেতৃত্ব দিচ্ছে," **বলেছেন গভর্নর হোকল।** "আজ লভ্য হওয়া এই 18.1 মিলিয়ন ডলার সর্বাধুনিক প্রযুক্তি, জ্ঞান, ও পণ্য রয়েছে এমন কোম্পানিগুলোকে কার্বন নির্গমন কমিয়ে আনতে আকৃষ্ট করবে এবং নিউ ইয়র্কবাসীদের জন্য একটি অধিকতর স্থিতিশীল, আরো বেশি নির্মল ভবিষ্যত তৈরি করবে।"

প্রাকৃতিক কার্বন সমাধানের চ্যালেঞ্জের মাধ্যমে এই তহবিল প্রদানকারী নিউ ইয়র্ক স্টেটের শক্তি গবেষণা ও উন্নয়ন কর্তৃপক্ষ (New York State Energy Research and Development Authority, NYSERDA) বেসরকারি কোম্পানি, গবেষণা প্রতিষ্ঠান, এবং অন্যান্য সংস্থার কাছ থেকে এমন উদ্ভাবনমুলক সমাধানগুলোর জন্য প্রস্তাব আহবান করছে যা নিম্ন-নির্গমনবিশিষ্ট পণ্য তৈরি করবে বা টেকসই উপাদানের মাধ্যমে কার্বন-ডাই-অক্সাইড অপসারণ করবে। যেসব সমাধানের

ব্যাপারে আগ্রহ রয়েছে সেগুলো হলো কার্বন-ডাই-অক্সাইড অপসারণ বৃদ্ধি করা, বর্জ্য মিথেন নির্গমন কমানো, এবং নিউ ইয়র্কের ভবনগুলোর প্রয়োজন পূরণে সহায়তা করার পদ্ধতিগুলো, বিশেষ করে ভবনের সংস্কার এবং নতুন নির্মাণকাজের জন্য, যেগুলো নিউ ইয়র্কের জ্বালানি সংরক্ষণের লক্ষ্যসমূহ অর্জনের চাবিকাঠি। সেইসাথে, এই সলিসিটেশন এমন প্রচেষ্টাগুলো খুঁজছে যা কার্বন-ডাই-অক্সাইড অপসারণ, স্থিতিশীলতা ও নবায়নযোগ্য শক্তি মোতায়েন, বায়ু ও পানি দূষণ কমানো, জ্বালানি পরিষেবাগুলোর জন্য ব্যয় সাশ্রয়, এবং ক্লাইমেট স্মার্ট শিল্পখাতে কর্মসংস্থান তৈরির দ্বারা ভূমির সর্বোত্তম ব্যবহারের নতুন পদ্ধতিগুলো কাজে লাগানোর মাধ্যমে সুবিধাবঞ্চিত কমিউনিটিগুলোকে এবং পরিবেশগত ন্যায়বিচারের এলাকাগুলোকে উপকৃত করবে।

নিউ ইয়র্ক স্টেটের শক্তি গবেষণা ও উন্নয়ন কর্তৃপক্ষের প্রেসিডেন্ট ও CEO ডোরিন এম. হ্যারিস বলেন, "নিউ ইয়র্ক স্টেট উদ্ভাবনের ক্ষেত্রে অগ্রগামী ভূমিকা পালন করে আসছে এবং আমাদের উচ্চাকাঙ্ক্ষী জ্বালানি লক্ষ্যগুলো অর্জনের প্রচেষ্টা চালানোর এই সময়ে, আমাদেরকে অবশ্যই জলবায়ুর উপকারার্থে আমাদের প্রাকৃতিক সম্পদগুলোর দায়িত্বপূর্ণ ব্যবস্থাপনার ক্ষেত্রে নেতৃত্ব দিতে হবে। যখন আমরা বড় পরিসরে উদ্ভাবনমূলক সমাধান নিয়ে আসছি, তখন আমরা সাপ্লাই চেইনকে উজ্জীবিত করছি, এবং এটি স্থানীয় কমিউনিটিগুলোর অর্থনীতিকে উদ্দীপিত করা এবং ভবিষ্যতের জন্য পরিবার চালানোর উপযোগী কর্মসংস্থান তৈরি করার মাধ্যমে সেই কমিউনিটিগুলোকে সরাসরি প্রভাবিত করছে।"

নিউ ইয়র্ক স্টেটের পরিবেশ সংরক্ষণ বিভাগের (Department of Environmental Conservation) কমিশনার এবং ক্লাইমেট অ্যাকশন কাউন্সিলের (Climate Action Council) সহ-সভাপতি বাসিল সেগোস বলেন, "নিউ ইয়র্কে পণ্য ও পরিষেবা উন্নয়নের ক্ষেত্রে নির্গমন কমানো এবং কার্বন কার্বন-ডাই-অক্সাইড অপসারণ করার সমাধানগুলো নিশ্চিত করার জন্য এই উল্লেখযোগ্য বিনিয়োগ আমাদেরকে দেশের-নেতৃস্থানীয় জলবায়ু আইনের আবশ্যিকতা অনুযায়ী 2050 সালের মধ্যে গ্রিনহাউজ গ্যাস নির্গমন 85 শতাংশ কমিয়ে আনার লক্ষ্যে পৌঁছাতে সাহায্য করবে। গভর্নর হোকলের ঘোষিত তহবিল আমাদের অর্থনীতিকে ডিকার্বনাইজ করবে এবং পরিবেশের সুরক্ষা এবং জলবায়ু পরিবর্তন মোকাবেলায় আমাদের প্রচেষ্টায় একটি অধিকতর নির্মল, সবুজতর ভবিষ্যত নিশ্চিত করবে এমন উন্নত প্রযুক্তি সরবরাহ করার জন্য কোম্পানিগুলোকে প্রয়োজনীয় সরঞ্জাম সরবরাহ করবে।"

নিউ ইয়র্ক স্টেটের কৃষি কমিশনার রিচার্ড এ. বল বলেন, "নিউ ইয়র্ক স্টেট সবসময়ই উদ্ভাবনের ক্ষেত্রে নেতৃত্ব দিয়ে আসছে, আর বড় পরিসরে জলবায়ু পরিবর্তন মোকাবেলা করার জন্য আমাদের ঠিক সেই প্রচেষ্টাই প্রয়োজন। জলবায়ু পরিবর্তন মোকাবেলায় কৃষি যে ভূমিকা নিচ্ছে তার জন্য এবং সেইসাথে ক্লাইমেট অ্যাকশন কাউন্সিলে আমাদের সকল অংশীদারের কাজের জন্য আমি গর্বিত। প্রাকৃতিক কার্বন সমাধান উদ্ভাবন বিষয়ক চ্যালেঞ্জ হচ্ছে আরেকটি হাতিয়ার যা একটি স্টেট হিসেবে আমরা এখন নির্গমন কমানো এবং কার্বন-ডাই-অক্সাইড অপসারণের জন্য কাজে লাগাতে পারবো, যেটি আমাদেরকে আরো টেকসই ভবিষ্যতের লক্ষ্যে পৌঁছাতে সাহায্য করবে।"

NYSERDA 29 নভেম্বর, 2022 তারিখ পর্যন্ত আবেদন গ্রহণ করবে। এই কর্মসূচি সম্পর্কে আরো জানতে, অনুগ্রহ করে বৃহস্পতিবার, 3 নভেম্বর, 2022 তারিখ দুপুর 1:00টা থেকে বিকেল 3:00টা পর্যন্ত NYSERDA ওয়েবিনারে অংশগ্রহণের জন্য নিবন্ধন করুন। স্টেটের 10 বছর মেয়াদী 6 বিলিয়ন ডলারের নির্মল জ্বালানি তহবিল (Clean Energy Fund) এবং রিজিওনাল গ্রিনহাউজ গ্যাস ইনিশিয়েটিভের (Regional Greenhouse Gas Initiative) মাধ্যমে এই উদ্যোগের জন্য অর্থায়ন করা হচ্ছে।

আজকের ঘোষণাটি অর্থনীতিজুড়ে কার্বন নিরপেক্ষতা অর্জনের জন্য স্টেটের লক্ষ্য পূরণ করতে কম কার্বন নির্গমন এবং কার্বন সিকুয়েস্টারিং প্রযুক্তিগুলোকে ত্বরান্বিত করে এমন উদ্ভাবক ও সংস্থাগুলোকে সহায়তা করার জন্য গবেষণা, উন্নয়ন এবং বাণিজ্যিকীকরণে নিউ ইয়র্ক স্টেটের বিনিয়োগের সঙ্গে যোগ হচ্ছে। NYSERDA-এর এই উদ্ভাবন কর্মসূচি 10 বছরে অনুদান এবং বাণিজ্যিকীকরণ সহায়তার মাধ্যমে সরাসরি বিনিয়োগ হিসাবে 800 মিলিয়ন ডলার প্রদান করছে। 680 মিলিয়ন ডলারেরও বেশি বেসরকারি বিনিয়োগ এবং 200 মিলিয়ন ডলারেরও বেশি প্রকল্পের আর্থিক মূলধন তৈরি করা হয়েছে, এবং NYSERDA-এর প্রযুক্তি এবং ব্যবসায়িক উন্নয়ন বিনিয়োগের ফলস্বরূপ 450টিরও বেশি উদ্ভাবনী নির্মল বিদ্যুৎ পণ্য বাণিজ্যিকীকরণ করা হয়েছে, যার মধ্যে রয়েছে LED লাইটিং সিস্টেম, গৃহস্থালী সরঞ্জাম, অধিকতর দীর্ঘস্থায়ী ব্যাটারি, এবং আরো দক্ষ হিটিং-ও-কুলিং সিস্টেম।

স্টেট সিনেটর মাইকেল হিনচি বলেন, "নিউ ইয়র্ক জলবায়ু সংকটের বিরুদ্ধে লড়াইয়ে সর্বাত্মক প্রচেষ্টা চালিয়ে আসছে, এবং প্রাকৃতিক কার্বন সমাধান উদ্ভাবন বিষয়ক চ্যালেঞ্জের এই নতুন রাউন্ড আমাদের CLCPA লক্ষ্য পূরণের দিকে একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ। এই মডেল কর্মসূচি কার্বন-ডাই-অক্সাইড অপসারণ এবং নির্গমন কমিয়ে আনার মতো ক্লাইমেট-স্মার্ট সমাধানগুলোর ব্যাপারে সাহসী, ভবিষ্যতমুখী পদক্ষেপ নিতে ব্যবসা প্রতিষ্ঠানগুলোকে প্রণোদনা প্রদান করছে, যা ভবিষ্যত প্রজন্মের নিউ ইয়র্কবাসীদের জন্য আমাদের গ্রহকে সুরক্ষিত রাখার জন্য আমাদের যে ধরনের সহযোগিতামূলক প্রচেষ্টা প্রয়োজন তা প্রদর্শন করে।"

অ্যাসেম্বলি সদস্য মাইকেল কুসিক বলেন, "নির্গমন কমাতে উদ্ভাবনী চিন্তাভাবনাকে উদ্দীপিত করার জন্য এই ধরনের বিনিয়োগ অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং এটি নিউ ইয়র্ককে আমাদের জলবায়ু আইনের গ্রিনহাউস গ্যাস নির্গমন কমিয়ে আনার লক্ষ্য অর্জনের কাছাকাছি নিয়ে যেতে সাহায্য করবে - যা সব নিউ ইয়র্কবাসীকে ইতিবাচকভাবে প্রভাবিত করবে এবং সবার জন্য একটি নির্মল, অধিকতর স্বাস্থ্যকর ভবিষ্যত নিশ্চিত করবে।"

অ্যাসেম্বলি সদস্য ডনা লুপার্ডো বলেন, "NYSERDA প্রাকৃতিক কার্বন সমাধান উদ্ভাবন বিষয়ক চ্যালেঞ্জের প্রচারণা করছে দেখে আমি খুব খুশি। স্টেটের আগ্রাসী জলবায়ু লক্ষ্যগুলো পূরণের জন্য, আমাদেরকে সক্রিয়ভাবে নতুন এবং অভিনব উপায়ে প্রাকৃতিকভাবে কার্বন-ডাই-অক্সাইড অপসারণ এবং নির্গমন কমানোর প্রসার ঘটাতে হবে। নিউ ইয়র্কের কৃষি যে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে তা স্বীকার করে নিয়ে; সেন. হিনচে এবং আমি যখন মাটির স্বাস্থ্য এবং জলবায়ু সহনশীলতা আইন পাস করি তখনও এটি আমাদের বিবেচনায় ছিল। আমাদের এখন যা প্রয়োজন তা হচ্ছে এই স্কেলযোগ্য উদ্যোগগুলোর জন্য টেকসই সহায়তা।"

নিউ ইয়র্ক স্টেটের জাতির নেতৃত্বকারী জলবায়ু পরিকল্পনা
নিউ ইয়র্ক স্টেটের জাতির নেতৃত্বকারী জলবায়ুর কর্মসূচী হল জাতির সব চেয়ে বেশি আক্রমণাত্মক জলবায়ু ও পরিচ্ছন্ন শক্তির উদ্যোগ, যা সুশৃঙ্খল ও ন্যায্যভাবে পরিচ্ছন্ন শক্তিতে উত্তরণের আহ্বান করে যা চাকরি তৈরি করে এবং নিউ ইয়র্ক স্টেট কোভিড-19 মহামারী থেকে উদ্ধারলাভের সাথে সাথে একটি সবুজ অর্থনীতিকে প্রতিপালন করা অব্যাহত রাখে। জলবায়ু নেতৃত্ব এবং জনসমাজের সুরক্ষা আইন (Climate Leadership and Community Protection Act) এর মাধ্যমে আইনের অন্তর্ভুক্ত করার পরে, নিউ ইয়র্ক 2040 এর মধ্যে শূন্য-নির্গমন বিদ্যুৎশক্তির ক্ষেত্রে তার বাধ্যতামূলক লক্ষ্য অর্জনের পথে এগিয়ে চলেছে, যার মধ্যে অন্তর্ভুক্ত আছে 2030 এর মধ্যে 70 শতাংশ পুনর্নবায়নযোগ্য শক্তি উৎপাদন এবং অর্থনীতি ব্যাপী কার্বন নিরপেক্ষতা অর্জন করা। এটি রাজ্য জুড়ে 120টি বড় আকারের পুনর্নবীকরণযোগ্য এবং ট্রান্সমিশনের প্রকল্পগুলিতে 35 বিলিয়ন ডলারের বেশি বিনিয়োগের উপর ভিত্তি করে গড়ে তোলে, যার মধ্যে আছে ভবনগুলির নির্গমন কমাতে 6.8 বিলিয়ন ডলার, সৌরশক্তি বাড়াতে 1.8 বিলিয়ন ডলার, পরিচ্ছন্ন পরিবহন উদ্যোগের জন্য 1 বিলিয়ন ডলারের বেশি এবং NY গ্রীন ব্যাঙ্কের (NY Green Bank) প্রতিশ্রুতিতে 1.6 বিলিয়ন ডলারেরও বেশি সহ পরিচ্ছন্ন শক্তি বাড়াতে নিউ ইয়র্কের অভূতপূর্ব বিনিয়োগ। সম্মিলিতভাবে, এই বিনিয়োগগুলি 2020 সালে নিউইয়র্কের নির্মল জ্বালানি খাতে 158,000 এরও বেশি চাকরি, 2011 সাল থেকে বিতরণকৃত সৌর খাতে 2,100 শতাংশ প্রবৃদ্ধি এবং 2035 সালের মধ্যে 9,000 মেগাওয়াট অফশোর বায়ুশক্তি গড়ে তোলার প্রতিশ্রুতিকে সমর্থন করে। জলবায়ু আইনের অধীনে, নিউ ইয়র্কে এই অগ্রগতির উপর ভিত্তি করে নির্মাণ করবে এবং 2050 সালের মধ্যে গ্রিনহাউস গ্যাস নির্গমনকে 1990 এর স্তর থেকে 85 শতাংশ কমাবে, এবং নিশ্চিত করবে যে পরিচ্ছন্ন শক্তির বিনিয়োগের 40 শতাংশ বেনিফিটের অন্তত 35 শতাংশ সুবিধাবঞ্চিত সম্প্রদায়গুলিকে দেওয়া হবে, এবং চূড়ান্ত ব্যবহারকারীর শক্তির খরচ সাশ্রয় করার মাধ্যমে অন-সাইট শক্তি খরচ 185 ট্রিলিয়ন BTU কমানো, যাতে 2025 সালের শক্তির দক্ষতার লক্ষের উদ্দেশ্যে অগ্রসর হওয়া যায়।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418